গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
হাসপাতাল ও ক্লিনিক শাখা
কোয়ালিটি ইম্প্রুভমেন্ট সেক্রেটারিয়েট
মহাখালী, ঢাকা- ১২১২।

Memo No – MOHFW/DGHS/Hospi.Clinic/QIS/WS-Semi-Train/785/2019/022 তারিখ ঃ ১৬/০৯/২০১৯

বিষয় : হাসপাতালে সংক্রমণ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ (Hospital Associated Infection Prevention & Control) বিষয়ক কমিটি গঠন প্রসঙ্গে।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের কোয়ালিটি ইম্প্রুভমেন্ট সেক্রেটারিয়েট (QIS) স্বাস্থ্য সেবার মান উন্নয়নের লক্ষ্যে নিরলস কাজ করে যাচ্ছে। রোগীর নিরাপত্তা (Patient Safety) বিধানের জন্য নিরাপদ চিকিৎসার অন্যতম দিক হচ্ছে হাসপাতালে সংক্রমণ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ (Hospital Associated Infection Prevention & Control) ব্যবস্থাপনা গড়ে তোলা।

এই উদ্দেশ্যে QIS এর উদ্যোগে Hospital Infection Prevention & Control Manual প্রস্তুত করা হয়েছে এবং ব্যবহারের জন্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। উক্ত Manual- এ নির্দেশিত গঠন প্রণালী অনুযায়ী কমিটি গঠন পূর্বক হাসপাতালে সংক্রমণ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ কার্যক্রম বাস্তবায়নের জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

**কমিটির গঠন (মূল কমিটি):**

১) সভাপতি : পরিচালক/তত্ত্বাবধায়ক।
২) সদস্য সচিব : উপ-পরিচালক/সহকারী পরিচালক/আবাসিক মেডিকেল অফিসার।
৩) সদস্য : অধ্যাপক/সহযোগী অধ্যাপক/সিনিয়র কনসালটেন্ট/কনসালটেন্ট (প্রতি বিভাগ থেকে ১ জন)।
৪) ফোকাল পার্সন : কমিটি কর্তৃক নির্বাচিত, যিনি সমন্বয়কের ভূমিকা পালন করবেন।

**কমিটির কার্যপরিধি:**

ক) কমিটি হাসপাতাল Infection Prevention & Control কর্ম পরিকল্পনা প্রস্তুত এবং বাস্তবায়ন করবেন।
খ) সাব-কমিটির কার্যক্রম নিয়মিত মনিটরিং করবেন।
গ) Infection Prevention & Control বিষয়ক নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা করবেন।
ঘ) Infection Prevention & Control বিষয়ক Challenge সমূহ চিহ্নিত করবেন এবং নিয়ন্ত্রনের ব্যবস্থা নিবেন।
ঙ) Infection Register চালু করণ সহ নিয়মিত Data Collection, Analysis পূর্বক একটি Evidence based পরিকল্পনা তৈরী করবে।
চ) হাসপাতাল QIC এর সঙ্গে সমন্বয় করে কার্যক্রম পরিচালনা করবেন।

**বি: দ্র:** মেডিসিন, সার্জারী, গাইনী এন্ড অবস, ক্যাজুয়ালটি, প্যাথলজী ও মাইক্রোবায়োলজী বিভাগ সহ অন্যান্য বিভাগে (বিভাগ থাকা সাপেক্ষে) সাব কমিটি গঠন করতে হবে (৩-৫ জন)। বিভাগীয় প্রধান কমিটির গঠন এবং সদস্য নির্বাচন চূড়ান্ত করবেন।

কমিটি গঠন পূর্বক নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

১৬/৯/১৯

(ডা: মো: আমিনুল হাসান)
পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক সমূহ) এবং
ফোকাল পার্সন, কোয়ালিটি ইম্প্রুভমেন্ট সেক্রেটারিয়েট
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা- ১২১২
ফোন: ০২-৫৫০৬৭১৫০, ফ্যাক্স: ৫৫০৬৭১৫০
ইমেইল: directorhospital@ld.dghs.gov.bd

বিতরণ :
--------------------------------
--------------------------------
--------------------------------

অনুলিপি (সদয় অবগতির জন্য) :

১) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: সচিব মহোদয়ের একান্ত সচিব)।
২) অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃ:আ: সহকারী পরিচালক সমন্বয়)।
৪) মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
৫) *মহাপরিচালক মহোদয়ের ব্যাক্তিগত কর্মকর্তা*, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬) অফিস কপি।